# 2019/EVEN/BNGL–401
# (Arts/Com/Sc)/112

**স্নাতক যুগ্ম ষাণ্মাসিক পরীক্ষা, ২০১৯**

বাংলা

( আধুনিক ভারতীয় ভাষা )

**( চতুর্থ ষাণ্মাসিক )**

পাঠক্রম নং : BNGL–401

( কলা / বাণিজ্য / বিজ্ঞান বিভাগ )

*পূর্ণমান* : ৫০
*উত্তীর্ণমান* : ১৭

*সময়* : ২ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

[ বিভিন্ন শাখার ছাত্র-ছাত্রীরা তাদের শাখা অনুযায়ী প্রশ্নের উত্তর করবে ]

## ( কলা বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য )

**( আধুনিক ভারতীয় ভাষা )**

১। (ক) ''তুমি কি কোনদিন শান্ত সুবোধ হবে না? তেমনি একগুঁয়ে হয়ে চিরকালটা কাটাবে?'' 'শ্রীকান্ত' উপন্যাসে কে, কার সম্পর্কে এই উক্তি করেছেন? শ্রীকান্তের সঙ্গে পিয়ারী বাইজীর প্রথম সাক্ষাৎ কোথায় হয়েছিল? 'শ্রীকান্ত' উপন্যাসের প্রথম পর্ব অবলম্বনে পিয়ারী চরিত্রটি আলোচনা করো। ২+১+১+১০=১৪





*অথবা*

(খ) 'শ্রীকান্ত' উপন্যাসের প্রথম খণ্ড কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল? ''তিনি দাঁত খিঁচাইয়া বলিলেন, আবার—শ্রী —কান্ত—! শুধু কান্ত! নে তামাক সাজ।'' উক্তিটি কার? ইন্দ্রনাথের সঙ্গে তার সম্পর্ক কী? বক্তার সঙ্গে শ্রীকান্ত ও ইন্দ্রনাথের থিয়েটার যাত্রার অভিজ্ঞতা বর্ণনা করো। ১+১+১২=১৪

২। (ক) বাংলা ভাষার প্রাচীন নিদর্শনটির নাম কী? প্রাচীন বাংলার সময়সীমা উল্লেখ করো। উদাহরণসহ প্রাচীন বাংলার সাধারণ লক্ষণগুলি আলোচনা করো। ১+১+১২=১৪

*অথবা*

(খ) ভাষা কাকে বলে? বাংলা ভাষার উপভাষা কয়টি? রাঢ় কোন্ অঞ্চলের উপভাষা? যে কোনো দুটি উপভাষার বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো। ২+১+১+১০=১৪

৩। টীকা লেখো (যে কোনো **তিনটি**) : ৪×৩=১২

(ক) রতন (শ্রীকান্ত)

(খ) সাধুভাষা

(গ) শ্রীনাথ বহুরূপী

(ঘ) মাগধী অপভ্রংশ

(ঙ) মৌলিক শব্দ

৪। (ক) চলিত গদ্যরীতি বলতে কি বোঝায়? এই রীতির কয়েকটি বৈশিষ্ট্য আলোচনা করো। ৫

*অথবা*

(খ) চলিত ভাষায় রূপান্তরিত করো : ৫

"বাহিরেও অত্যন্ত গুমট। দুই প্রহরের সময় এক পসলা বৃষ্টি হইয়া গিয়াছে। এখনও চারিদিকে মেঘ জমিয়া আছে। বাতাসের লেশমাত্র নাই। বর্ষায় ঘরের চারিদিকে জঙ্গল এবং আগাছাগুলো অত্যন্ত বাড়িয়া উঠিয়াছে, সেখান হইতে এবং জলমগ্ন পাটের ক্ষেত হইতে সিক্ত উদ্ভিজ্জের ঘন গন্ধবাষ্প চতুর্দিকে একটি নিশ্চল প্রাচীরের মতো জমাট হইয়া দাঁড়াইয়া আছে। গোয়ালের পশ্চাদবর্তী ডোবার মধ্য হইতে ভেক ডাকিতেছে এবং ঝিল্লিরবে সন্ধ্যার নিস্তব্ধ আকাশ একেবারে পরিপূর্ণ। অদূরে বর্ষার পদ্মা নব মেঘচ্ছায়ায় বড়ো স্থির ভয়ংকর ভাব ধারণ করিয়া চলিয়াছে।"

৫। (ক) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি গৃহীত বাংলা বানান রীতির পাঁচটি বৈশিষ্ট্য উদাহরণ সহযোগে আলোচনা করো। ৫

*অথবা*

(খ) শুদ্ধ করে লেখো (যে কোনো **পাঁচটি**) : ৫

অনুকুল ; আকাঙ্খা ; সমীচিন ; বন্দপাধ্যায় ; বাল্মিকী ; জেষ্ঠ।





## ( বাণিজ্য বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য )

### ( বাংলা কথাসাহিত্য ও ভাষা )

১। (ক) প্রেমেন্দ্র মিত্রের প্রথম প্রকাশিত গল্পের নাম কী? গল্পটি কোন্ পত্রিকায়, কত সালে প্রকাশিত হয়? 'শুধু কেরানী' গল্পের ছেলেটি কোন্ অফিসের কেরানী ছিল? 'শুধু কেরানী' গল্পের বিষয়বস্তু আলোচনা করে গল্পটির নামকরণের সার্থকতা প্রতিপন্ন করো। ১+২+১+১০=১৪

*অথবা*

(খ) প্রেমেন্দ্র মিত্র কোন্ পত্রিকাগোষ্ঠীর লেখক ছিলেন? প্রেমেন্দ্র মিত্রের তিনটি গল্প-সংকলনের নাম লেখো। ছোটগল্পকার হিসেবে প্রেমেন্দ্র মিত্রের স্বকীয় বৈশিষ্ট্যের পরিচয় দাও। ১+৩+১০=১৪

২। (ক) 'পুন্নাম' গল্পটি প্রেমেন্দ্র মিত্রের কোন্ গল্প-সংকলনের অন্তর্গত? এ গল্পের নায়ক ললিত কি বিক্রি করে ছেলের চিকিৎসার টাকা যোগাড় করেছিল? "টুনু মরে গেল আর আমাদের ছেলে বেঁচে উঠল....?" বক্তা কে? 'আমাদের ছেলে' বলতে কার কথা বোঝানো হয়েছে? 'পুন্নাম' গল্পটির বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো। ১+১+২+১০=১৪

*অথবা*

(খ) 'স্টোভ' গল্পটি প্রেমেন্দ্র মিত্রের কোন্ গল্পগ্রন্থের অন্তর্গত? 'স্টোভ' গল্পের স্বামী-স্ত্রীর নাম কী? প্রায় অকেজো একটি স্টোভের প্রতীকে গল্পে দাম্পত্য জীবনের যে টানা পোড়েনের ছবি প্রকাশিত হয়েছে তার পরিচয় দাও। ১+২+১১=১৪

৩। সারাংশ লেখো : ৬

গ্রামের সঙ্গে সঙ্গে নগরের উদ্ভব। যেখানে রাষ্ট্র-শাসনের শক্তি পুঞ্জীভূত ; যেখানে সৈনিকের দুর্গ, বণিকের পণ্যশালা, বিদ্যাদান ও বিদ্যা-অর্জনের উদ্দেশ্যে বহু স্থান থেকে এক স্থানে শিক্ষক ও ছাত্রের সমাবেশ, দূর পৃথিবীর সঙ্গে জানাশোনা দেনা-পাওনার যোগ। যেখানে মাটির বুকের পরে জগদ্দল পাথর, জীবিকা যেখানে কঠিন, শক্তির সঙ্গে শক্তির প্রতিযোগিতা। যেখানে সকল মানুষকে হার মানিয়ে একলা-মানুষ বড়ো হতে চাচ্ছে। বাড়াবাড়ি না হলে তারও ফল মন্দ নয়। ব্যক্তি-স্বাতন্ত্র্য যদি অতিশয় চাপা পড়ে তা হলে ব্যক্তিগত শক্তির উৎকর্ষ ঘটে না। সমান মাথাওয়ালা ঝোপগুলোর চাপে বনস্পতি বেঁটে হয়ে থাকে। ব্যক্তি-স্বাতন্ত্র্যের অত্যাকাঙ্ক্ষা অগ্নিবাষ্পের ঠেলায় জনসঙ্ঘের সাধারণ আশ্রয়ভূমিকে উঁচুর থেকে উৎক্ষিপ্ত করে, উৎকর্ষের আদর্শ বেড়ে ওঠে, পরস্পরের নকলে ও রেষারেষিতে মানুষের শক্তির চর্চা অত্যন্ত সচেষ্ট হয়ে থাকে, জ্ঞানের ও কর্মের ক্ষেত্রে নবনবোন্মেষ সম্ভবপর হয়, নানা দেশে নানা জাতির চিত্ত-সমবায়ে বিদ্যার আয়তন প্রশস্ত হয়ে ওঠে। শহরে, যেখানে সমাজের চাপ অতি ঘনিষ্ঠ নয়, সেখানে ব্যক্তি-স্বাতন্ত্র্য সুযোগ পায়, মানসশক্তি একটা সাধারণ আদর্শের অনুচ্চ সমতলতা ছাড়িয়ে উঠতে থাকে। এই কারণেই বুদ্ধির জড়তা ও সংকীর্ণতা সকল দেশেই সকল কালেই গ্রাম্যতার নামান্তর হয়ে আছে।

৪। যে কোনো **একটি** বিষয়ে রচনা লেখো : ১৬

(ক) বাণিজ্য শিক্ষার উপযোগিতা

(খ) বরাকের চা-শিল্প

(গ) বেকারত্ব মোচনে বেসরকারি সংস্থার ভূমিকা

(ঘ) বিশ্বায়ন ও বাণিজ্য





## ( বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীদের জন্য )

### ( বাংলা কথাসাহিত্য ও ভাষা )

১। (ক) আয়ুর্বেদ প্রাচ্যের না পাশ্চাত্যের চিকিৎসা-পদ্ধতি? জীবনমশায়ের শিষ্যের নাম কী? 'আরোগ্য নিকেতন' কে প্রতিষ্ঠা করেছিলেন? উপন্যাসটির নামকরণ যথাযথ হয়েছে কিনা, বিচার করো। ১+১+১+১১=১৪

*অথবা*

(খ) তারাশঙ্করের অন্য দুটি উপন্যাসের নাম লেখো। 'আরোগ্য নিকেতন' উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয়েছে? আতর বউ চরিত্রটি চিত্রণ করো। ২+১+১১=১৪

২। (ক) 'আপদ' গল্পটি রবীন্দ্রনাথের গল্পগুচ্ছের কোন্ খণ্ডের অন্তর্ভুক্ত? এখানে 'আপদ' কাকে বলা হয়েছে? ছোটগল্পের সংজ্ঞা নিরূপণ করে 'আপদ' গল্পের সার্থকতা বিচার করো। ১+১+১২=১৪

*অথবা*

(খ) 'বিচারক' গল্পের বিচারক কে? তার পূর্ব নাম কী? তিনি কার বিচার করেছিলেন? তাকে কী শাস্তি দেওয়া হয়েছিল, গল্পটি অনুসরণে আলোচনা করো। ১+১+১+১১=১৪

৩। যে কোনো **একটি** বিষয়ে নাতিদীর্ঘ নিবন্ধ রচনা করো : ১৪

(ক) আধুনিক প্রযুক্তি-বিজ্ঞান

(খ) বিজ্ঞানাচার্য প্রফুল্লচন্দ্র রায়

(গ) বনানী সংরক্ষণ

(ঘ) বিজ্ঞান আশীর্বাদ না অভিশাপ?

৪। টীকা লেখো (যে কোনো **দুটি**) : ৪×২=৮

(ক) আরোগ্য নিকেতনে প্রদ্যোত ডাক্তার

(খ) নিদান-হাঁকা

(গ) **‘নিশীথে’** গল্পের অতিপ্রাকৃত রস

(ঘ) যজ্ঞেশ্বর চরিত্র

★★★